বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
মায়ামী, ফ্লোরিডা

১৭ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামী-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদ্‌যাপন

১৭ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামী-এ যথাযথ মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদ্‌যাপন করা হয়। নবস্থাপিত কনস্যুলেট জেনারেল প্রাঙ্গণে প্রথমবারের মত আয়োজিত এ অনুষ্ঠানে কনস্যুলেটের সকল কর্মকর্তা ও তাদের পরিবারের সদস্য এবং মায়ামীতে অবস্থানরত উল্লেখযোগ্য সংখ্যক প্রবাসী বাংলাদেশী ও স্থানীয় গণমাধ্যম প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

সমবেত কণ্ঠে জাতীয় সংগীতের সাথে পতাকা উত্তোলনের মাধ্যমে মূল অনুষ্ঠানের সূচনা করা হয়। এরপর কনসাল জেনারেল ও কনস্যুলেটের কর্মকর্তাবৃন্দ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। প্রবাসী বাংলাদেশীদের পক্ষ থেকেও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়।

জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে কনসাল জেনারেল ইকবাল আহমেদ তাঁর বক্তব্যে বাংলাদেশের স্বাধিকার আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান এবং আমাদের জাতীয় জীবনে এ দিবসটির তাৎপর্য তুলে ধরে উপস্থিত সকলকে বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে এ আদর্শ সঞ্চারিত করার আহ্বান জানান। প্রবাসী বাংলাদেশীদের পক্ষ থেকেও বঙ্গবন্ধুর জীবনের উপর আলোকপাত করে বক্তব্য প্রদান করা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে জাতির পিতার জীবনের উপর নির্মিত একটি স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

দিবসটি উপলক্ষ্যে মায়ামীতে অবস্থানরত বাংলাদেশী শিশু-কিশোরদের অংশগ্রহণে একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উল্লেখযোগ্য সংখ্যক অংশগ্রহণকারীদের সকলকে কনস্যুলেটের পক্ষ থেকে সনদ প্রদান করা হয় এবং প্রতিযোগিদের মধ্য থেকে বিজয়ীদের হাতে কনসাল জেনারেল কর্তৃক বিশেষ পুরস্কার

তুলে দেয়া হয়। অনুষ্ঠানের শেষে জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে কেক কাটা হয় ও উপস্থিত সকলকে আপ্যায়নের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

***